

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১২০-আইন/২০১৫/৭২৬-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা-

(১) S০৬৮ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৬৮ S০৬৮.০০ কোচিং সেন্টার :

ব্যাখ্যা।- “কোচিং সেন্টার” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে বিউটিফিকেশন প্রশিক্ষণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, পরীক্ষায় উন্নত ফলাফল লাভ, বিদেশী ভাষা শিক্ষা ও দক্ষতা অর্জন, চাকুরী পাওয়ার উদ্দেশ্য এবং প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভালো ফলাফলের জন্য এককভাবে কিংবা এক বা একাধিক সহযোগী সহযোগে যে কোন স্থান, সেন্টার বা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বা ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ বা পাঠদান করিয়া থাকেন এবং GMAT, GRE, TOEFL ও IELTS প্রশিক্ষণও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

(২) S০৯৯ এর বিপরীতে কলাম (২) এর সেবার কোড S০৯৯.৪০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন দুইটি সেবার কোড এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“S০৯৯.৫০ অনলাইনে পণ্য বিক্রয় :

ব্যাখ্যা।- “অনলাইনে পণ্য বিক্রয়” অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়

এবং একই পদ্ধতির আওতায় অর্থ ও তথ্যের আদান প্রদান এবং পণ্য ও সেবা সরবরাহের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।

S০৯৯.৬০

ক্রেডিট রেটিং এজেন্সিঃ

ব্যাখ্যা।- “ক্রেডিট রেটিং এজেন্সি” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আর্থিক অবস্থা পর্যালোচনাপূর্বক ঋণ পরিশোধের সামর্থ্য পরিমাপ করে এবং আর্থিক অবস্থা বিশ্লেষণও ইহার অন্তর্ভুক্ত হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান